

পরিকল্পনা মন্ত্রণালয়  
পরিকল্পনা বিভাগ  
প্রশাসন শাখা-২

www.plandiv.gov.bd

নং- ২০.০০.০০০০.৩০৩.৩২.৩১৭.১৬-৩৬৫

তারিখঃ ৩১ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ  
১৪ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ

**প্রজ্ঞাপন**

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ০৫/০৬/২০১৬ খ্রি: তারিখের ৮০.১০৮.০১১.০৪.৩৩.০২৩.২০১৪-৮২ সংখ্যক স্মারকের সুপারিশের প্রেক্ষিতে নিম্নবর্ণিত প্রার্থীকে পরিকল্পনা বিভাগের “গবেষণা কর্মকর্তা” পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ২২০০০-৫৩০৬০/- টাকা বেতনক্রমে (৯ম গ্রেড) অনুচ্ছেদ-০২ এ বর্ণিত শর্তসাপেক্ষে সাময়িকভাবে নিয়োগ প্রদান করা হলোঃ

ক্র: নং	প্রার্থীর নাম ও রেজিস্ট্রেশন নং	স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা
(১)	জনাব মোঃ ফজলে রাব্বি রেজিঃ নম্বর-০৮৩৭১৭	পিতাঃ এম. এ. মান্নান মাতাঃ ফেরদৌসী বেগম <b>স্থায়ী ঠিকানাঃ</b> ২৫/এফ, ডাক বাংলো রোড গ্রাম-কোনাবাড়ী বাজার ডাকঘর-গোপালপুর থানা-গোপালপুর জেলা-টাংগাইল।	২৫/এফ, ডাক বাংলো রোড গ্রাম-কোনাবাড়ী বাজার ডাকঘর-গোপালপুর থানা-গোপালপুর জেলা-টাংগাইল।


২। **নিয়োগের শর্তাবলী:**

- এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী। এ নিয়োগ তাঁর যোগদানের তারিখ থেকে কার্যকর হবে এবং ০২(দুই) বৎসর শিক্ষানবিসকাল হিসেবে গণ্য করা হবে। নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজনবোধে উক্ত শিক্ষানবিসকালের মেয়াদ বৃদ্ধি করতে পারবে। শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে সমাপন এবং উক্ত সময়ে তার আচরণ ও কর্ম সন্তোষজনক প্রতীয়মান হলে তাঁকে চাকরিতে স্থায়ীকরণের বিষয়টি বিবেচনা করা হবে। শিক্ষানবিসকালে তাঁর আচরণ ও কাজের মান সন্তোষজনক না হলে কোন কারণ দর্শানো ছাড়াই এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকরি হতে অপসারণ করা যাবে;
- বিদেশী নাগরিকের সাথে বিবাহসূত্রে কোন সম্পর্ক বা দায়বদ্ধতা থাকলে এই নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল বলে গণ্য হবে;
- চাকরিতে যোগদানের সময় সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র সঙ্গে আনতে হবে। মূল সনদপত্র প্রদর্শনে ব্যর্থ হলে তাঁর নিয়োগাদেশ বাতিল করা হবে;
- এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ দ্বারা তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;
- এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোনরূপ ভ্রমণ/দৈনিক ভাতা পাবেন না;
- চূড়ান্ত যাচাই-বাছাইয়ে মুক্তিযোদ্ধার সঠিকতা সম্পর্কে বিরূপ কোন তথ্য পাওয়া গেলে গৃহীত সমুদয় সুবিধাদি তিনি প্রত্যর্পণ করতে বাধ্য থাকবেন।

৩। যদি অনুচ্ছেদ-০২ এ বর্ণিত শর্তাবলী গ্রহণযোগ্য হয়, তাহলে আগামী ২০ জুলাই ২০১৭ খ্রি: তারিখের মধ্যে সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা বরাবর যোগদান করার জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখের মধ্যে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে বিবেচনা করা হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৪। এ নিয়োগ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

  
২৪/৬/১৭  
(মোছাঃ জেসমুন নাহার)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৯১১৮০৫৪


অপর পৃষ্ঠায় দৃষ্টব্য...

নং- ২০.০০.০০০০.৩০৩.৩২.৩১৭.১৬- ৩৬৫

তারিখঃ ৩১ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ  
১৪ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ০৩। অতিরিক্ত সচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ০৪। যুগ্মসচিব (সকল), পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ০৫। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৬। জেলা প্রশাসক, টাংগাইল (নিয়োগ আদেশটি প্রাপকের অনুকূলে প্রেরণের অনুরোধসহ)।
- ০৭। পুলিশ সুপার, টাংগাইল জেলা (জরুরী ভিত্তিতে পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এ কার্যালয়ে প্রেরণের অনুরোধসহ)।
- ০৮। সিভিল সার্জন, টাংগাইল জেলা (সরকারী চাকরিতে যোগদানের ক্ষেত্রে স্বাস্থ্যগত উপযুক্ততা সম্পর্কে প্রতিবেদন প্রদানের অনুরোধসহ)।
- ০৯। উপসচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ১০। মাননীয় মন্ত্রী একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ১২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা।(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ১৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা, গোপালপুর উপজেলা, টাংগাইল (নিয়োগ আদেশটি প্রাপকের অনুকূলে প্রেরণের অনুরোধসহ)।
- ১৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, সিজিএ ভবন (ফেজ-৩), সেগুনবাগিচা, ঢাকা।
- ১৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ১৭। জনাব মোঃ ফজলে রাশিদ, পিতা- এম. এ. মামান, মাতা-ফেরদৌসী বেগম, ঠিকানাঃ ২৫/এফ, ডাক বাংলো রোড, গ্রাম-কোনাবাড়ী বাজার, ডাকঘর-গোপালপুর, থানা-গোপালপুর, জেলা-টাংগাইল।
- ১৮। অফিস কপি/ব্যক্তিগত নথি।

  
(মোছাঃ জেসমুন নাহার)  
সিনিয়র সহকারী সচিব